

Course Teacher: Muhammad Sajidul Islam

Course Code: GED 131

Name: Md Forhad Khan

ID: 211-15-3938

Section: PC-A

Course Title: Art of Living

শিক্ষার মাইন্ডসেটে প্রয়োজন যে পরিবর্তন

একজন শিক্ষিত মানুষ ই পারে একটি জাতির সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে।কোনো একটি নির্দিষ্ট বিষয়ে শিক্ষার আগ্রহ মানুষকে একজন দক্ষ ও অভিজ্ঞ জনশক্তিতে পরিণত করে।ছোট বেলা থেকেই তাই এ বিষয়ে মাইন্ডসেট ক্লিয়ার করতে হয়।আমাদের সমাজে ছোট থেকেই শিক্ষার্থীদের উপর চাপিয়ে দেয়া হয় যে তাকে ডাক্তার বা ইঞ্জিনিয়ার হতে হবে।এই বিষয়ে তাদের আগ্রহ থাকুক বা না থাকুক। ফলে ক্লাস ৯ এ উঠেই তাদেরকে বিজ্ঞান বা অন্য কোনো গ্রুপ নিয়ে নিতে হয়।যার ফলে শিক্ষার্থীদের মনে এসব পড়াশোনা বুজা মনে হতে থাকে।যার ফলশ্রুতিতে শিক্ষার্থীরা ইঞ্জিনিয়ার বা ডাক্তার হিসেবে গ্র্যাজুয়েট হলেও ঐ বিষয়ে মন থেকে দক্ষতা অর্জন করতে পারে না।এমন গ্র্যাজুয়েট দের জন্য তাই প্রতিনিয়ত নানান ধরনের দুর্ঘটনার স্বীকার হচ্ছে দেশ ও জাতি।ডাক্তারদের ভুল চিকিৎসা য় প্রাণ হারাচ্ছে অসংখ্য মানুষ আর ইঞ্জিনিয়ারদের ভুল স্থাপত্য কলার জন্য ধ্বসে পরছে অনেক গুরুত্বপূর্ণ স্হাপনা এতে করে প্রাণ হারাচ্ছে হাজার হাজার মানুষ।তাই আমাদের উচিত মাইন্ডসেটে পরিবর্তন আনা।মাধ্যমিক স্তরে গ্রুপ বিভাজন না করে যে বিষয়ে শিক্ষার্থীদের পড়ার আগ্রহ,আন্তরিকতা,ভালোবাসা আছে ঐ বিষয়ে পড়তে দেয়া।তখন গ্র্যাজুয়েট হলে ঐ বিষয়ে পূর্ণ অভিজ্ঞতা,দক্ষতা অর্জন করবে এবং একজন দক্ষ জনশক্তি হিসেবে,রাষ্ট্রের সম্পদ হিসেবে নিজেকে গড়ে তুলতে পারবে।